



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ৬১/২০২৪

তারিখ : ২৬ বৈশাখ ১৪৩১
০৯ মে ২০২৪

পল্লী সঞ্চয় ব্যাংক-এ ২০২১ সাল ভিত্তিক 'উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)' (Job ID- 10194) এর ০২টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার Content, কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের সদস্যভুক্ত পল্লী সঞ্চয় ব্যাংক-এ ২০২১ সাল ভিত্তিক 'উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে এ সচিবালয়ের বিগত ১২/০২/২০২৩ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৭/২০২৩ এর সূত্রে আবেদনকারী বৈধ প্রার্থীর ০২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নোক্ত content ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

02 hours Written Test: 200 Marks

Sl. No.	Contents	Marks
1.	Subject Related	150
2.	Mathematics	20
3.	English Language Proficiency	30
	Total Marks	200

লিখিত পরীক্ষার সময়সূচি

পদের নাম	কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ	সময়
'উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)' (১০ম-গ্রোড)	বিআইবিএম, অডিটোরিয়াম, মিরপুর-২, ঢাকা-১২১৬।	১৭/০৫/২০২৪ (শুক্রবার)	সকাল ৯:৩০ টা হতে ১১:৩০ টা

০২। আবেদনকারী প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>=>Job openings of BSCS) আপলোড করা হয়েছে। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের উপর্যুক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীর লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

০৪। সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরু করার কমপক্ষে ১ ঘন্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে বিলম্বে উপস্থিতি কোনো অজুহাতেই গ্রহণযোগ্য হবে না।

০৫। প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোনো ধরনের কাগজ, বই, মানিব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোন কার্ড), ডিজিটাল/স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করা যাবে না। উল্লিখিত কোনো কিছু পরীক্ষা চলাকালীন পাওয়া গেলে কিংবা অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে পরীক্ষা বাতিল করা হবে। প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।

০৬। পরীক্ষার সময় পরীক্ষার্থীদের উভয় কান দৃশ্যমান রাখতে হবে।

০৭। মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০৮। এ বিষয়ে যেকোন প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ইমেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ কাওছার মতিন)

পরিচালক (বিএসসিএস)

ও

সদস্য-সচিব, বিএসসি